বিজিএমইএ/ব্যাংকিং/২০২৬/৩০৯ তারিখ:১৬ নভেম্বর ২০২৬

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়: তৈরি পোশাক শিল্পের মার্চেন্ডাইজার ও কর্মকর্তাদের ব্যক্তিগত মোবাইল ফোন ব্যবহারের মাধ্যমে সংঘটিত সাইবার জালিয়াতি ও পেমেন্ট প্রতারণা প্রতিরোধ প্রসঙ্গে।

প্রিয় সদস্যবৃন্দ,

উপরোক্ত বিষয়ের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, বাংলাদেশের তৈরি পোশাক শিল্প ভৌত নিরাপত্তা **(Physical Security)** নিশ্চিত করার ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করলেও, ডিজিটাল বা সাইবার নিরাপত্তার ক্ষেত্রে এখনো বড় ধরনের ঝুঁকি রয়ে গেছে। বিশেষ করে, কারখানার মার্চেন্ডাইজার এবং বায়ার অ্যাকাউন্ট পরিচালনাকারী কর্মকর্তাদের ব্যক্তিগত মোবাইল ফোনের অসতর্ক ব্যবহারের কারণে কারখানা ও ক্রেতারা ভয়াবহ আর্থিক জালিয়াতির শিকার হতে পারেন।

ঝুঁকির ধরন ও কারণসমূহ:

- **অনিরাপদ অ্যাপ ও পারমিশন:** প্লে-স্টোরের বাইরের কোনো লিংক থেকে ফ্রি অ্যাপ (যেমন: পিডিএফ এডিটর) ডাউনলোড করা এবং না বুঝে 'অ্যাক্সেসিবিলিটি' **(Accessibility)** বা নোটিফিকেশন পারমিশন দেওয়ার ফলে হ্যাকাররা ফোনের সমস্ত তথ্য ও ইমেল হাতিয়ে নিচ্ছে।
- **পেমেন্ট জালিয়াতি:** হ্যাকাররা আসল ইমেল থ্রেড ব্যবহার করে এবং কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) প্রযুক্তির মাধ্যমে সংশ্লিষ্ট কর্মকর্তার লেখার ধরন ও কণ্ঠস্বর নকল **(Voice Clone)** করে বায়ারকে ব্যাংক অ্যাকাউন্ট পরিবর্তনের ভুয়া ইনভয়েস পাঠাচ্ছে, যার ফলে রপ্তানি আয় প্রতারকদের অ্যাকাউন্টে চলে যেতে পারে।
- **তথ্য ফাঁস:** ব্যক্তিগত ফোনের হোয়াটসঅ্যাপ গ্রুপে কস্টিং শিট, টেক প্যাক এবং বায়ারের স্পর্শকাতর তথ্য আদান-প্রদান ও সংরক্ষণের ফলে ব্যবসায়িক গোপনীয়তা নষ্ট হচ্ছে।

সদস্য কারখানাগুলোর জন্য করণীয় ও নির্দেশনাবলী:
আপনার প্রতিষ্ঠানের আর্থিক ও ব্যবসায়িক নিরাপত্তা নিশ্চিত করতে অবিলম্বে নিচের পদক্ষেপগুলো গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো:

১. **মোবাইল ফোনের নিরাপত্তা নিশ্চিতকরণ:** যেসব কর্মকর্তা ও মার্চেন্ডাইজার সরাসরি বায়ারদের সাথে যোগাযোগ করেন, তাদের ব্যবহৃত ফোনে অবশ্যই নির্ভরযোগ্য সিকিউরিটি সফটওয়্যার ইনস্টল করতে হবে। কোনো অপরিচিত লিংক বা প্লে-স্টোরের বাইরে থেকে কোনো অ্যাপ ডাউনলোড করা এবং অপ্রয়োজনীয় পারমিশন (যেমন- অ্যাক্সেসিবিলিটি অ্যাক্সেস) দেওয়া সম্পূর্ণ নিষিদ্ধ করতে হবে।

২. **ব্যাংক অ্যাকাউন্ট পরিবর্তনের ক্ষেত্রে সতর্কতা:** শুধুমাত্র ইমেল বা হোয়াটসঅ্যাপ মেসেজের ওপর ভিত্তি করে ব্যাংক অ্যাকাউন্টের তথ্য পরিবর্তন বা পেমেন্ট সংক্রান্ত কোনো নির্দেশনা কার্যকর করা যাবে না। এ ধরনের যেকোনো পরিবর্তনের ক্ষেত্রে অবশ্যই পূর্বপরিচিত ও নির্ভরযোগ্য টেলিফোন নম্বরে সরাসরি কথা বলে নিশ্চিত হতে হবে। সম্ভব হলে বায়ার ও কারখানার মধ্যে একটি নিরাপদ 'শেয়ার্ড রেকর্ড' **(Shared Record)** পদ্ধতি চালু করতে হবে।

৩. **তথ্য সংরক্ষণে পেশাদারিত্ব:** প্রতিষ্ঠানের কস্টিং শিট, চুক্তিপত্র এবং বায়ারের গুরুত্বপূর্ণ তথ্য সাধারণ চ্যাট গ্রুপ বা ব্যক্তিগত ফোনে অরক্ষিত অবস্থায় রাখা থেকে বিরত থাকতে হবে। এর পরিবর্তে নিরাপদ ট্রেড প্ল্যাটফর্ম বা কোম্পানির নিয়ন্ত্রিত ডিজিটাল মাধ্যম ব্যবহার করতে হবে, যাতে কোনো কর্মকর্তা চাকরি ছেড়ে দিলে তথ্যের সুরক্ষা বিঘ্নিত না হয়।

৪. **সচেতনতা বৃদ্ধি:** কারখানার মালিক ও শীর্ষ ব্যবস্থাপনাকে মার্চেন্ডাইজারদের মোবাইল ফোনগুলোকেও কারখানার অবিচ্ছেদ্য অংশ হিসেবে বিবেচনা করে নিয়মিত ডিজিটাল নিরাপত্তা অডিট ও কর্মীদের প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।

দেশের রপ্তানি আয় ও শিল্পের সুনাম রক্ষার্থে বিষয়টিকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিজিএমইএ-এর সকল সম্মানিত সদস্যকে বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

ধন্যবাদান্তে,

মেজর জেনারেল ড. মো: সাহেদুল ইসলাম (অব:)
মহাসচিব

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
Regional Office: BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org